

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯০.২০১৫-১৫২

তারিখঃ ২৪/০২/২০১৬খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ অমিত কুমার তরফদার (১৩০০১১), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এবং সংযুক্ত-মেডিকেল অফিসার/সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রাইজের, মাদারীপুর বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১৯.০৮.২০১৫ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯০.২০১৫-৫২৭নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৬.০২.২০১৬ তারিখে তীর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত ও পারিবারিক কারণে মানসিকভাবে অত্যন্ত বিপর্যস্থ থাকায় কর্মস্থলে অনিয়মিত ছিলেন। তার অনিচ্ছাকৃত ভুলের জন্য তিনি আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করেন এবং ভবিষ্যতে এ ধরনের ভুল পুনরায় না করার বিষয়ে অঙ্গীকারাবদ্ধ হন;

এক্ষণে, সেহেতু, ডাঃ অমিত কুমার তরফদার (১৩০০১১), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এবং সংযুক্ত-মেডিকেল অফিসার/সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রাইজের, মাদারীপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তীর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাকে ভবিষ্যতে সতর্কতার সাথে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তীর ৩০.০৯.২০১৪খ্রিঃ তারিখ হতে পুনরায় কর্মস্থলে যোগদানের পূর্বদিন পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল।

(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

উপপরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর  
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৬৩.২০১৫-

৪৫২/১৫২

তারিখঃ ২৪/০২.২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা।
- ৪। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সিভিল সার্জন, মাদারীপুর।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাইজের, মাদারীপুর।
- ৯। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, রাইজের, মাদারীপুর।
- ১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। ডাঃ অমিত কুমার তরফদার (১৩০০১১), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এবং সংযুক্ত-মেডিকেল অফিসার/সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রাইজের, মাদারীপুর।

(আসমা তাসকিন)  
উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-১ শাখা  
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৬৩.২০১৫-

তারিখঃ ২৫.০২.২০১৬খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ সোনিয়া চৌধুরী (১২২৯২৯), মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, মুগদা বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আশীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২৭.১২.২০১৬ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৬৩.২০১৫-৮৯৪নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৭.০২.২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি গত ০৮.০৩.২০১৫ইং তারিখ হতে ৩০.০৯.২০১৫ইং তারিখ পর্যন্ত প্রথম মাতৃ ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন। তার হাইরিক প্রেগনেসীর ৫ম মাসেই চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ছুটি ভোগ করতে যেতে হয়। পূর্বে তার প্রথম এবং ২য় প্রেগনেসীতে বিভিন্ন জটিলতা হয়। ৩য় প্রেগনেসীতে তার রক্তচাপ বেড়ে যাওয়ায় বাচ্চার গ্রোথ রিটারডেশনের কারণে তাকে অগ্রিম ছুটিতে যেতে হয়। প্রসব পরবর্তী সময়ে নবজাতকের শারীরিক সমস্যা দেখা দেয়। মাতৃত্বকালীন ছুটি শেষে তার বাচ্চার বয়স ছিল মাত্র ৩(তিন) মাস। সে কারণে তার মাতৃত্বকালীন ছুটি শেষ হবার পর তিনি কর্তৃপক্ষের নিকট অর্জিত ছুটির আবেদন করেন। বর্তমানে তিনি শারীরিকভাবে সুস্থ এবং চিকিৎসকের পরামর্শমতে কাজে যোগদান করতে সক্ষম;

এক্ষেণে, সেহেতু, ডাঃ সোনিয়া চৌধুরী (১২২৯২৯), মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, মুগদা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে ভবিষ্যতে সতর্কতার সাথে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তাঁর ০১.১০.২০১৫খ্রিঃ তারিখ হতে পুনরায় কর্মস্থলে যোগদানের পূর্বদিন পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল।

(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

উপপরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর  
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৬৩.২০১৫-

তারিখঃ ২৫.০২.২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক, মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, মুগদা।
- ৪। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। ডাঃ সোনিয়া চৌধুরী (১২২৯২৯), মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, মুগদা।

(আসমা ভাসকিন)

উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৯২.২০১৫- ২৫৪

তারিখঃ ২৫.০২.২০১৬খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ কাজী মোহাম্মদ হেদায়েত উল্যা (১১২৮১৬), জুনিয়র কনসালটেন্ট (অর্থো-সার্জারী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চৌদ্দগ্রাম, কুমিল্লা গত ১৪.০৬.২০১৩খ্রিঃ তারিখ হতে ০৭.১০.২০১৫ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২০.০১.২০১৬ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৯২.২০১৫-৪৯নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৭.০২.২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, শিশু সন্তান এবং অসুস্থ ও বৃদ্ধ পিতামাতার দেখভালের দায়িত্ব তার উপরে থাকায় তিনি তার পদায়নকৃত কর্মস্থলে পুনর্বিবেচনাপূর্বক ঢাকার নিকটস্থ স্থানে পদায়নের জন্য আবেদন করেন। পরবর্তীতে ০৭.১০.২০১৫ইং তারিখে তাকে জুনিয়র কনসালটেন্ট পদে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চৌদ্দগ্রাম, কুমিল্লায় পদায়ন করা হয়। একজন সরকারী কর্মকর্তা হিসাবে বদলিকৃত কর্মস্থলে যোগদান না করা তার ভুল ছিল এবং অদূর ভবিষ্যতে এমন ভুল হবে না বলে তিনি প্রতিজ্ঞা করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ কাজী মোহাম্মদ হেদায়েত উল্যা (১১২৮১৬), জুনিয়র কনসালটেন্ট (অর্থো-সার্জারী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চৌদ্দগ্রাম, কুমিল্লা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। তাঁর ১৪.০৬.২০১৩খ্রিঃ তারিখ হতে ০৭.১০.২০১৫ তারিখ পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

উপপরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর  
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৯২.২০১৫- ২৫৪/১(২০)

তারিখঃ ২৫.০২.২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। সিভিল সার্জন, কুমিল্লা।
- ৬। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
- ৯। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
- ১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। ডাঃ কাজী মোহাম্মদ হেদায়েত উল্যা (১১২৮১৬), জুনিয়র কনসালটেন্ট (অর্থো-সার্জারী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চৌদ্দগ্রাম, কুমিল্লা।

(আসমা ভাসকিন)

উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd